

স্কুলে থাকো



# WE ARE NEW YORK

ম্যাগাজিন



ENGLISH

বাংলা

# আমাদের গল্পগুলোর মাধ্যমে টিভিতে ইংরেজি শিখুন



পরিবার

সাফল্য



ভালোবাসা



আশা



কর্মজীবনটি



বন্ধুত্ব

## WE ARE NEW YORK

একটি নতুন টিভি অনুষ্ঠান

[www.nyc.gov/LearnEnglish](http://www.nyc.gov/LearnEnglish)

### কৃতজ্ঞতাস্বীকার

**We Are New York** ম্যাগাজিনগুলো রচনা করেছেন **Kayhan Irani** এবং **Anthony Tassi**. চিত্রাঙ্কন ও অলংকরণ করেছেন **Stedroy Cleghorne**। অনুবাদ করেছে **Eriksen Translations Inc.** ডিজাইন পরিচালনা করেছেন: **André M. Pennycooke**.

বিশেষ ধন্যবাদ জ্ঞাপন: **Leslee Oppenheim, David Hellman, K. Webster, Fatima Ashraf, John Mogulescu, Dennis M. Walcott, Malvina Acevedo, Maya Agrawal, Claudia Aristy, Vonda Caccese, Courtney Collins, Lissette Collins, Debra Eng, Shaifa Farooqui, Melissa Gendler, Denise Gordon, Martine Guerrier, Jeniffer Herrera-Andujar, Lai-Sheung Huie, Odalys Igmeri, Rosa Jaquez, Karen Johnson, Donna LeChillgrien, Marguerite Lukes, Ron Noble, Kenyi Ogando, Leonid Ostrovsky, Kleber Palma, Justine Santiago, Musa Shama, Bandana Sharma, Joe Shick, Cynthia Smith, Students of Francis Lewis High School, Students of Gregorio Luperon High School, Nyota Thacker, Leonard Tretot, Linda Van Schaick, Carlos Viguera, Lorraine Whit, Bellevue Hospital, New York City Department of Education.**

**nyc**tv

[nyc.gov/tv](http://nyc.gov/tv)

**NYC**

Michael R. Bloomberg  
Mayor

Mayor's Office of  
Adult Education

Anthony Tassi  
Executive Director

Information Technology  
& Telecommunications

Paul J. Cosgrave  
Commissioner

**nyc**  
media group

Katherine Oliver  
General Manager

**CU  
NY**

The City  
University  
of  
New York

# ভেতরে যা আছে

গল্পঃ স্কুলে থাকো পৃষ্ঠা ২ - ৭

আমরা কারা পৃষ্ঠা ৮ - ৯

আমরা কীভাবে এটা করলাম পৃষ্ঠা ১০ - ১১

আপনি কী করতে পারেন পৃষ্ঠা ১২-১৩

আপনি কী বলতে পারেন পৃষ্ঠা ১৪

সহায়ক শব্দাবলী পৃষ্ঠা ১৫

গল্প

## স্কুলে থাকো

দিয়েগো মেক্সিকো থেকে আসা একজন কিশোর যে ফুটবল খেলতে ভালোবাসে। তার মা ভালো শিক্ষা লাভের জন্য তাকে নিউ ইয়র্ক শহরে তার চাচা ও চাচার সাথে থাকার জন্য পাঠান। কিন্তু নিউ ইয়র্কের জীবন মেক্সিকোর মত নয়। স্কুল কঠিন ও বিভ্রান্তিকর। দিয়েগো ঠিক করে সে স্কুল ছেড়ে দেবে এবং একটি চাকরি নেবে। তার চাচা-চাচী যখন জানতে পারেন, তারা আঘাত পান। কিন্তু যখন দিয়েগো তার ভীতি সম্পর্কে তাদেরকে বলে, তারা ধৈর্য ধরে শোনেন। তারা তাকে তথ্য ও পরামর্শ পেতে সাহায্য করার সিদ্ধান্ত নেন যাতে সে স্কুলে থাকতে পারে। একসাথে, তারা সমস্যাগুলো সমাধানের চেষ্টা করেন। এটা কী যথেষ্ট হবে? দিয়েগো কি স্কুলে থাকবে?



কারমেন ও হ্যানের অ্যাপার্টমেন্ট



১



২

এক মাস পরে স্কুলে



৩



৪



৫



৬



কাজের জায়গায় দিয়েগো




৭



তোমার টাকার দরকার? ইংরেজি শেখো।  
ডিপ্লোমা অর্জন করো। তখন তুমি আসল  
টাকা উপার্জন করতে পারবে।

৮

বাড়িতে



দিয়েগোর শিক্ষক আজ ফোন  
করেছিলেন। তিনি বলেছেন দিয়েগো  
ফেল করেছে, এবং সে পুরো সপ্তাহ  
ক্লাসে ছিল না!

এক সপ্তাহ?! চলো দিয়েগো বাসায়  
ফেরার পর, তার সাথে কথা বলি।  
তার কথা শোনা যাক।

৯

একটা নতুন দেশে থাকা কঠিন।  
ইংরেজি শেখা কঠিন। স্কুল কঠিন।



১০

আমরা বুঝতে পারি,  
দিয়েগো। আমাদের জন্যেও  
একই রকম ছিল।

১১

কিন্তু স্কুল গুরুত্বপূর্ণ। তুমি একটা  
ভালো চাকরি পেতে পারো।  
তোমার জীবনে আরো অনেক  
সুযোগ আসবে।



১২

আমি জানি না। আমাকে এটা  
নিয়ে চিন্তা করতে হবে।



১৩

হয়ান চাচা, কারমেন চাচী ... আমি ঠিক করেছি আমি  
স্কুলে থাকতে চাই। কিন্তু আমি জানি না আমি এটা  
করতে পারবো কিনা।

১৪

ঠিক আছে, দিয়েগো! তুমি পারবে। চিন্তা  
কোরো না, আমরা একসাথে এটা করবো।

১৫

হ্যালো, 311? আমি হাই স্কুল  
সম্পর্কে কিছু তথ্য পেতে চাই,  
প্রিজ।

১৬

হ্যালো, ফাতিমা? আপনার মেয়ে  
কোন হাই স্কুলে যায়?

১৭

হ্যালো, আপনি কি প্যারেন্ট  
কোঅর্ডিনেটর?

১৮



স্কুলে গাইডেন্স কার্ডিনালরের সাথে



গ্র্যাজুয়েট হওয়ার জন্য দিয়েগোর  
কী করা দরকার?



আসলে, তার ক্লাস করা দরকার। আর বাড়তি সাহায্য  
পাওয়ার অধিকার তার আছে। এটা সবাইকে বিনামূল্যে দেয়া  
হয় - “কাগজপত্র” থাকুক, আর “কাগজপত্র” নাই থাকুক।



যদি আমি এটা করতে না পারি তাহলে  
কী হবে? হয়তো স্কুল আমার জন্য নয়?

হ্যাঁ, তোমার জন্য। নিউ ইয়র্ক সিটিতে,  
তোমার অনেক ধরনের সুযোগ আছে - বিভিন্ন  
স্কুল, বিশেষ কর্মসূচি, আর বাড়তি সাহায্য।

পরের সপ্তাহে



দিয়েগো, তুমি ফিরে এসেছ!  
তোমাকে দেখে আমার খুব  
ভালো লাগছে!



হ্যাঁ, স্কুল সহজ নয়, কিন্তু  
আমি পারবো।

## আমরা কারা



### দিয়োগো

আমি জানি আমার পরিবার আমাকে নিয়ে গর্বিত, কিন্তু স্কুল কঠিন। আমি একটা নতুন ভাষায় অনেক নতুন বিষয় শেখার চেষ্টা করছি। কখনো কখনো আমার মনে হয় না যে আমি পারবো, এবং আমি ছেড়ে দিতে চাই। আমার মত অন্য তরুণদের সাথে দেখা হলে সাহায্য পাওয়া যায়। আমার কথা শোনে এমন লোকদেরকে পাওয়া গুরুত্বপূর্ণ। স্কুলে ফিরে এসে আমার ভালো লাগছে।



### মি. শামা

হাই স্কুল কঠিন হতে পারে। আমি দিয়োগোর স্কুলে ৫ বছর ধরে গাইডেন্স কাউন্সিলর হিসেবে আছি। আমি আমার কাজ পছন্দ করি। আমি শিক্ষার্থীদেরকে এবং তাদের পিতামাতাদেরকে সাহায্য করি। আমি শিক্ষার্থীদেরকে তাদের ভবিষ্যত সম্পর্কে ভালো সিদ্ধান্ত নিতে সাহায্য করতে পারি। এছাড়াও আমি পিতামাতাদেরকে এখানে নিউ ইয়র্কের স্কুল পদ্ধতি সম্পর্কে আরো বেশি জানতে সাহায্য করি।



### হুয়ান

আমি বুঝতে পারছি দিয়োগোর কেমন লাগছে। একটা নতুন দেশে আসা এবং সবকিছু আবার শেখা কঠিন। কিন্তু, জীবনে, শেখা কখনো শেষ হয় না। মেক্সিকোতে, আমি নির্মাণ শিল্পে কাজ করতাম। এখানে নিউ ইয়র্কেও আমি একই কাজ পেয়েছি। আমি কাজের সময় এদের কাছ থেকে শিখি, আবার আমি এদেরকেও কিছু জিনিস শেখাই। আমি জানি যে শিক্ষা দিয়োগোকে জীবনে আরো অনেক সুযোগ দেবে। আমি চাই সে বড় স্বপ্ন দেখুক।

## কারমেন

দিয়েগোর চাচী হতে পেরে আমি গর্বিত। আমি জানি সে স্মার্ট আর তার নিজের বিষয়ে ভালো সিদ্ধান্ত নিতে পারে। কিন্তু, কখনো কখনো কিশোর-কিশোরীদের এমন বয়স্কদেরকে প্রয়োজন হয় যারা তাদের কথা শুনবেন, কোনো পরামর্শ দেয়া ছাড়া। যখন দিয়েগোর সিদ্ধান্ত নেয়ার দরকার হয়, আমি তার কথা শুনি এবং তাকে উদ্বুদ্ধ করি। আমি তাকে বলি যে কোনটা আমার কাছে সেরা বলে মনে হয়, কিন্তু তার নিজের সিদ্ধান্ত নেয়া সম্পর্কে আমি তাকে বিশ্বাস করি। আমি জানি যে আমি তাকে সাহায্য করছি, আর এটা আমার কাছে ভালো লাগে।



## লুইস

আমি দিয়েগোর সহকর্মী। আমার পরিবারের জন্য যথেষ্ট টাকা উপার্জন করার জন্য আমি দুই জায়গায় কাজ করি। উইকএন্ডে আমি জিইডি (জেনারেল ইকুইভ্যালেন্স ডিপ্লোমা, সাধারণ সমানুপাতিক ডিপ্লোমা) ক্লাস করি। আমি জানি যে টাকা গুরুত্বপূর্ণ, কিন্তু শিক্ষা তোমাকে অনেক দূর নিয়ে যেতে পারে।


## লু

আমার পরিবার চীনা, কিন্তু আমি ডোমিনিকান রিপাবলিকে জন্মগ্রহণ করেছি। আমি সেখানে স্প্যানিশ শিখেছি, এবং আমি এখন নিউ ইয়র্কে ইংরেজি শিখছি। আমি দিয়েগোর মত একই স্কুলে যাই। যখন আমি কাউকে বলি যে আমি লাতিনো, কখনো কখনো তারা বিভ্রান্ত হয়ে যায়! আমি খুশি যে দিয়েগো স্কুলে ফিরে এসেছে। তার সাথে কথা বলতে আমার ভালো লাগে। আমাদের অনেক কিছুতে মিল আছে।

## আমরা কীভাবে এটা করলাম

আমরা হাই স্কুলের বিষয়গুলো কীভাবে মোকাবেলা করলাম সেগুলো এখানে দেয়া হয়েছে। এই ধারণাগুলো হয়তো আপনাকেও সাহায্য করবে।

- ১ আমরা পছন্দগুলো সম্পর্কে দিয়েগোর সাথে কথা বলেছি। আমরা তাকে কোনো কিছু করার জন্য বাধ্য করিনি। তাকে এ সম্পর্কে চিন্তা করতে হয়েছে এবং নিজের জন্য সিদ্ধান্ত নিতে হয়েছে।
- ২ গাইডেন্স কাউন্সিলর আমাদেরকে অনেকগুলো বিভিন্ন ধরনের স্কুল সম্পর্কে জানিয়েছেন। নিউ ইয়র্ক শহরে, তুমি পড়ার জন্য একটা হাই স্কুল বেছে নিতে পারো। চমৎকার!
- ৩ কীভাবে দিয়েগোকে সাহায্য করা যায় সেই বিষয়ে কারমেন ও আমি অনেক প্রশ্ন জিজ্ঞেস করেছিলাম। আমরা আমাদের বন্ধুদেরকে, স্কুলে, এবং 311-এ ফোন করেছিলাম।
- ৪ আমরা দিয়েগোকে সমর্থন দিয়েছিলাম – তাকে একা ছেড়ে যাওয়া হয়নি। কারমেন ও আমি তার কথা শুনেছি। যদিও তাদের বয়স বেশি, কিশোর-কিশোরীরা চায় বয়স্করা তাদের কাছাকাছি থাকবে এবং তাদেরকে সাহায্য করবে। এমনকি যদি তারা এমন আচরণও করে যে তারা আপনাকে সেখানে চায় না!





## আমরা কীভাবে এটা করলাম

বাবা-মাদেরকে স্কুলের সাথে সম্পৃক্ত হতে হবে, এমনকি হাই স্কুলের শিক্ষার্থীদের বাবা-মাদেরকেও। স্কুলগুলো বাবা-মাদের জন্য উন্মুক্ত, এবং আমাদের যাওয়া দরকার। শিক্ষকরা এবং স্কুলের সবাই আমাদের কাছ থেকে শুনতে চান!



কেউ আপনাকে স্কুলে যাওয়ার জন্য ফোন করা পর্যন্ত আপনার অপেক্ষা করার দরকার নেই। অ্যাপয়েন্টমেন্ট করার এবং কারো সাথে দেখা করার অধিকার আপনার আছে। প্রত্যেক স্কুলে একজন প্যারেন্ট কোঅর্ডিনেটর আছেন, যিনি সেখানে আছেন শুধু বাবা-মাদের জন্যই! অন্য বাবা-মাদের সাথে এবং প্যারেন্ট কোঅর্ডিনেটরের সাথে বন্ধুত্ব করা ভালো। সাহায্য ও সহযোগিতার জন্য আপনি তাদেরকে ফোন করতে পারেন।



নিউ ইয়র্ক সিটির স্কুলগুলোতে শিক্ষার্থীদের জন্য অনেক সুযোগ আছে। কোন স্কুলে যাবে তা তুমি বেছে নিতে পারো। দ্বিভাষী ও আন্তর্জাতিক কর্মসূচি আছে। নতুন অভিবাসীদের জন্য স্কুল আছে। এমন স্কুল আছে যেগুলো শিক্ষার্থীদেরকে কাজ সম্পর্কে জানতে সাহায্য করে। আর, ১৮ বছরের বেশি বয়সী শিক্ষার্থীদের জন্যও স্কুল আছে। শিক্ষার্থীদের অধিকার আছে নিজেদের জন্য সেরা স্কুল বেছে নেয়ার। আর নিউ ইয়র্ক সিটিতে ২১ বছরের কম বয়সী সবার বিনামূল্যে হাই স্কুল শিক্ষা গ্রহণের অধিকার আছে।



## আপনি কী করতে পারেন

তরুণদেরকে স্কুলে থাকতে সাহায্য করার জন্য এখানে কিছু ধারণা দেয়া হলো।

এই ম্যাগাজিনের তথ্য আপনার পরিবার ও বন্ধুদের সাথে শেয়ার করুন। আপনি তাদের জীবনে পরিবর্তন আনতে পারেন।

### উদ্দেশ্য

আপনি আপনার ছেলেমেয়েকে হাই স্কুলে থাকতে সাহায্য করতে চান।

১. আপনার ছেলেমেয়ের সাথে কথা বলুন। তারা কোন বিষয়ে আগ্রহী সে সম্পর্কে শুনুন। স্কুলের কোন বিষয়টি তাদের জন্য কঠিন তা শুনুন।

২. গাইডেন্স কাউন্সিলরের সাথে দেখা করার জন্য অ্যাপয়েন্টমেন্ট করুন। স্কুল গাইডেন্স কাউন্সিলরের কাছে তথ্য আছে যা সাহায্য করতে পারে।

### উদ্দেশ্য

আপনি চান আপনার ছেলেমেয়ে যে কোনো বয়সে সফল হোক।

১. আপনার ছেলেমেয়ের সাথে কথা বলুন। তারা কোন বিষয়ে আগ্রহী সেই সম্পর্কে শুনুন। স্কুলের কোন বিষয়টি তাদের কাছে কঠিন লাগে তা শুনুন।

২. আপনার ছেলেমেয়ের স্কুলের অন্য বাবা-মাদের সাথে দেখা করুন। তাদের ছেলেমেয়েদেরকে সাহায্য করার জন্য তারা কী করেছেন তা খুঁজে বের করুন।

৩. শিক্ষকদের সাথে কথা বলুন। তাদের সাথে কথা বলার জন্য কোনো সমস্যা তৈরি হওয়া পর্যন্ত আপনার অপেক্ষা করার দরকার নেই।

স্কুল সম্পর্কে আরো জানার জন্য, দেখুন: <http://schools.nyc.gov>  
ইংরেজি ভাষা শিক্ষার্থীরা, দেখুন: <http://schools.nyc.gov/Academics/ELL>

তিনি স্কুলের ও কমিউনিটির  
পরিষেবা সম্পর্কে জানেন।  
আপনার ছেলেমেয়ে গাইডেন্স  
কার্ডিন্সিলরের সাথে কথা বলতে  
পারে, এবং আপনিও কথা বলতে  
পারেন।

৩. আপনার ছেলেমেয়ের  
জন্য সাহায্য চান, আপনার  
ছেলেমেয়ের জন্য অন্য  
ধরনের স্কুল বা কর্মসূচি সহ।

৪. একসাথে, আপনার  
ছেলেমেয়ের সফল হওয়ার  
জন্য আপনারা একটা পথ  
খুঁজে বের করতে পারেন।

৪. স্কুলের কাগজপত্রগুলো  
৮টি ভিন্ন ভাষায় অনুদিত  
অবস্থায় পাওয়ার অধিকার  
আপনার আছে। এবং  
আপনি একজন দোভাষী  
চাইতে পারেন।

৫. প্যারেন্ট কোঅর্ডিনেটরের  
সাথে দেখা করার জন্য একটা  
অ্যাপয়েন্টমেন্ট করুন। শিক্ষকদের  
সাথে দেখা করতে এবং একজন  
দোভাষী পেতে তিনি আপনাকে  
সাহায্য করতে পারেন।

৬. আপনার ছেলেমেয়ে স্কুলে  
কেমন করছে সে সম্পর্কে  
খোঁজ নিন। দেখুন:  
[www.arisparentlink.org](http://www.arisparentlink.org)  
বাবা-মাদের জন্য এই  
গুরুত্বপূর্ণ ওয়েবসাইটটি  
কীভাবে ব্যবহার করতে হয়  
সেই সম্পর্কে জানতে প্যারেন্ট  
কোঅর্ডিনেটর আপনাকে  
সাহায্য করতে পারেন।

## আপনি কী বলতে পারেন

গাইডেন্স কার্ডিন্সলের সাথে, আপনি বলতে পারেন:

- গ্র্যাজুয়েট হওয়ার জন্য আমার ছেলেমেয়েকে কী করতে হবে?
- আমি স্কুলের কাগজপত্রগুলো বাংলায় পেতে চাই, প্লিজ।
- আপনি কী অনুগ্রহ করে এটা আবার বলবেন এবং ব্যাখ্যা করবেন যে আপনি কী বোঝাচ্ছেন?
- আমি কি সিটির হাই স্কুলগুলোর একটা নির্দেশিকা পেতে পারি?

তথ্যগুলো লিখিতভাবে নিন যাতে আপনি এগুলো বাড়িতে পড়তে পারেন। এছাড়াও আপনি অ্যাপয়েন্টমেন্টের সময় থাকার জন্য একজন দোভাষী চাইতে পারেন।

যখন আপনি 311-এ ফোন করবেন, আপনি বলতে পারেন:

- আমি কি আমার ছেলেমেয়ের স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরের ফোন নম্বর পেতে পারি?
- আমি সিটির হাই স্কুলগুলোর একটা নির্দেশিকা কীভাবে পেতে পারি?

**311** বাংলায় কথা বলে। দিনে ২৪ ঘন্টা।

আপনার নিজের প্রশ্নগুলো এখানে লিখুন:

---

---

---

---



### স্কুল ছেড়ে চলে যাওয়া (ড্রপ আউট)

ডিপ্লোমা পাওয়া ছাড়াই স্কুল ছেড়ে চলে যাওয়া

যে সব তরুণরা স্কুল ছেড়ে চলে যাওয়ার চিন্তা করছে তাদেরকে সাহায্য করার জন্য অনেকগুলো পরিসেবা রয়েছে।

### ব্যাখ্যা করা

আপনাকে কোনো কিছু বুঝতে সাহায্য করা।

আপনি কী অনুগ্রহ করে ব্যাখ্যা করবেন যে আপনি কী বোঝাচ্ছেন?

### সম্পৃক্ত হওয়া

কোনো কিছুর অংশ হওয়া।

যখন বাবা-মায়েরা স্কুলের সাথে সম্পৃক্ত হন, ছেলেমেয়েরা বেশি ভালো করে থাকে।

### গাইডেন্স কাউন্সিলর

প্রত্যেক স্কুলের একজন পেশাদার ব্যক্তি যিনি শিক্ষার্থীদেরকে স্কুলে এবং জীবনে সফল হতে সাহায্য করতে পারেন। এছাড়াও তারা বাবা-মাদেরকে পরিসেবা সম্পর্কে তথ্য দিয়ে সাহায্য করে থাকেন।

আপনার গাইডেন্স কাউন্সিলরকে ফোন করুন এবং তার সাথে দেখা করার জন্য অ্যাপয়েন্টমেন্ট করুন। আপনার ছেলেমেয়ের স্কুলের ফোন নম্বর জানার জন্য আপনি 311-এ ফোন করতে পারেন।

### দোভাষী

একজন ব্যক্তি যিনি এক ভাষাকে অন্য ভাষায় অনুবাদ করতে পারেন।

আপনি যা বলছেন তা আমাকে বুঝতে সাহায্য করার জন্য, আমি কি অনুগ্রহ করে একজন দোভাষী পেতে পারি?

### প্যারেন্ট কোঅর্ডিনেটর

একজন ব্যক্তি যিনি প্রতিটি স্কুলের বাবা-মাদেরকে তাদের প্রয়োজনীয় জিনিসগুলো পেতে সাহায্য করেন।

নিউ ইয়র্ক সিটির প্রতিটি সরকারি স্কুলে একজন প্যারেন্ট কোঅর্ডিনেটর আছেন যিনি বাবা-মাদের সাথে কাজ করেন।

### 311

সিটির পরিসেবা সম্পর্কে তথ্য পাওয়ার জন্য আপনি যে টেলিফোন নম্বরে বিনামূল্যে ফোন করতে পারেন।

311-এ ফোন করলে আপনি বাংলায় কথা বলতে পারবেন।

# WE ARE NEW YORK

আমাদের গল্পগুলোর মাধ্যমে ইংরেজি শিখুন

টিভিতে নয়টি পর্বের সবগুলো দেখুন।

স্টাডি গাইডগুলো পড়ুন।

আপনার ইংরেজি অনুশীলন করার জন্য একটি গ্রুপে যোগদান করুন।



বিনামূল্যে আপনার স্টাডি গাইডগুলো পাওয়ার জন্য এবং  
একটি গ্রুপে যোগ দেয়ার জন্য, দেখুন

[www.nyc.gov/LearnEnglish](http://www.nyc.gov/LearnEnglish)

**NYC**

Michael R. Bloomberg  
Mayor

Mayor's Office of  
Adult Education

Anthony Tassi  
Executive Director

**CU  
NY**

The City  
University  
of  
New York



**Stay in School**

# **WE ARE NEW YORK** **Magazine**



**ENGLISH**

# Learn English on TV with our stories



## WE ARE NEW YORK A NEW TV SHOW

[www.nyc.gov/LearnEnglish](http://www.nyc.gov/LearnEnglish)

### CREDITS

We Are New York Magazines created and written by Kayhan Irani and Anthony Tassi. Illustration and Art by Stedroy Cleghorne. Translations by Eriksen Translations Inc. Design Director: André M. Pennycooke.

Special Thanks: Leslee Oppenheim, David Hellman, K. Webster, Fatima Ashraf, John Mogulescu, Dennis M. Walcott; Malvina Acevedo, Maya Agrawal, Claudia Aristy, Vonda Caccese, Courtney Collins, Lissette Collins, Debra Eng, Shaifa Farooqui, Melissa Gendler, Denise Gordon, Martine Guerrier, Jeniffer Herrera-Andujar, Lai-Sheung Huie, Odalys Igmeri, Rosa Jaquez, Karen Johnson, Donna LeChillgrien, Marguerite Lukes, Ron Noble, Kenyi Ogando, Leonid Ostrovsky, Kleber Palma, Justine Santiago, Musa Shama, Bandana Sharma, Joe Shick, Cynthia Smith, Students of Francis Lewis High School, Students of Gregorio Luperon High School, Nyota Thacker, Leonard Trerot, Linda Van Schaick, Carlos Viguera, Lorraine Whit, Bellevue Hospital, New York City Department of Education.

**nyc**tv  
nyc.gov/tv

**NYC**  
Michael R. Bloomberg  
Mayor

Mayor's Office of  
Adult Education  
Anthony Tassi  
Executive Director

Information Technology  
& Telecommunications  
Paul J. Cosgrave  
Commissioner

**nyc**  
media group  
Katherine Oliver  
General Manager

**CU**  
**NY**  
The City  
University  
of  
New York



# What's Inside

**The Story: Stay in School** Pages 2 - 7

---

**Who We Are** Pages 8 - 9

---

**How We Did It** Pages 10 - 11

---

**What You Can Do** Pages 12 - 13

---

**What You Can Say** Page 14

---

**Helpful Words** Page 15

---

## THE STORY

# Stay in School

Diego is a teenager from Mexico who loves to play soccer. His mother sends him to live with his aunt and uncle in New York City to get a good education. But life in New York is not like Mexico. School is hard and confusing. Diego decides to quit school and get a job. When his aunt and uncle find out, they are shocked. But when Diego tells them his fears, they listen patiently. They decide to help him find information and advice so he can stay in school. Together, they try to sort things out. Will it be enough? Will Diego stay in school?



**Carmen & Juan's Apartment**




**One Month Later At School**





**Diego At Work**



You need money? Learn English.  
Get your diploma. Then you'll  
make real money.

**Back At Home**



Diego's teacher called today.  
She says Diego is failing, and he  
hasn't been in class all week!

A week?! When Diego  
comes home, let's talk with  
him. Let's listen to him.



It's hard to be in a new  
country. It's hard to learn  
English. School is hard.

We understand,  
Diego. It was the  
same for us.



But school is important.  
You can get a good job.  
You'll have more choices  
in life.



I don't know. I need to  
think about it.

**The Next Day**



Uncle Juan, Aunt Carmen... I've decided that I want to stay in school. But, I don't know if I can do it.

14



Okay, Diego! You can do it. Don't worry, we will do this together.

15



Hello, 311? I need some information about high schools, please.

16



Hello, Fatima? What high school does your daughter go to?

17




Hello, is this the Parent Coordinator?


18



**At School With The Guidance Counselor**



What does Diego need to do to graduate?



Well, there are classes he needs to take. And he has the right to get extra help. It is free for everyone - with "papers", or without "papers."



What if I can't do it? Maybe school isn't for me?

Yes, it is. In New York City, you have a lot of choices - different schools, special programs, and extra help.

**The Next Week**



Diego, you're back! I'm so happy to see you!



Yeah, school isn't easy, but I can do it.

## WHO WE ARE



### DIEGO

I know my family is proud of me, but school is hard. I'm trying to learn a lot of new things in a new language. Sometimes I don't think that I can do it, and I want to quit. It helps to meet other young people like me. It's important to have people who listen to me. I feel good being back in school.



### MR. SHAMMA

High school can be hard. I have been the Guidance Counselor at Diego's school for 5 years. I like my job. I help students and their parents. I can help students make good decisions about their future. I also help parents learn more about the school system here in New York.



### JUAN

I understand how Diego feels. It is hard to come to a new country and learn everything again. But, in life, you never stop learning. In Mexico, I worked in construction. I found the same job here in New York. I learn from the guys at work, and I teach them some things, too. I know that education will give Diego more choices in life. I want him to have big dreams.

## CARMEN

I am proud to be Diego's aunt. I know that he is smart and can make good decisions for himself. But, sometimes teenagers need adults to listen to them, without giving advice. When Diego has to make a decision, I listen to him and encourage him. I tell him what I think is best, but I trust him to make his own decisions. I know I'm helping him, and that makes me feel good.



## LUIS

I am Diego's coworker. I work two jobs to earn enough money for my family. On the weekends I take GED classes. I know that money is important, but an education can take you far.



## LU


My family is Chinese, but I was born in the Dominican Republic. I learned Spanish there, and now I am learning English in New York. I go to the same school as Diego. Sometimes people are confused when I tell them I am Latina! I am glad that Diego has come back to school. I like talking to him. We have a lot in common.



## HOW WE DID IT

**Here's how we dealt with high school issues. Maybe these ideas will help you, too.**

- 1** We talked to Diego about choices. We didn't force him to do one thing or another. He got to think about it and decide for himself.
- 2** The guidance counselor told us about many different kinds of high schools. In New York City, you can choose a high school to go to. That's great!
- 3** Carmen and I asked a lot of questions to find out how to help Diego. We called our friends, the school, and 311.
- 4** We supported Diego – he wasn't left alone. Carmen and I listened to him. Even though they are older, teenagers need adults to stay close to them and help them. Even if they act like they don't want you there!



## HOW WE DID IT

Parents have to be involved in the school, even parents of high school students. Schools are open to parents, and we need to go. The teachers and everyone at the school want to hear from us!



You don't have to wait for someone to call you to the school. You have the right to make an appointment and see someone. Every school has a Parent Coordinator who is there just for parents! It's good to make friends with other parents and the Parent Coordinator. You can call them for help and support.



New York City schools have a lot of choices for students. You can choose which school to go to. There are bilingual and international programs. There are schools for new immigrants. There are schools that help students learn about work. And, there are even schools for students who are over 18. Students have the right to find the best school for them. And everyone under 21 has the right to a free high school education in New York City.



## WHAT YOU CAN DO

### Here are some ideas for helping young people stay in school.

Share the information in this magazine with your family and friends. You can make a difference in their lives.

#### Goal

You want to help your child stay in high school.

1. Talk with your child. Listen to what they are interested in. Hear what's hard for them about school.
2. Make an appointment to see the Guidance Counselor. The school Guidance Counselor has information that can help.

#### Goal

You want your child to succeed at any age.

1. Talk with your child. Listen to what they are interested in. Hear what's hard for them about school.
2. Meet other parents in your child's school. Find out what they have done to help their children.
3. Talk to the teachers. You don't have to wait until there is a problem to talk to them.

To learn more about schools visit: <http://schools.nyc.gov>  
English Language Learners, visit: <http://schools.nyc.gov/Academics/ELL>

She or he knows about services at the school and in the community. Your child can talk to the guidance counselor, and you can too.

**3.** Ask about help for your child, including other kinds of schools or programs for your child.

**4.** Together, you can find a way for your child to succeed.

**4.** You have the right to get the school documents translated into 8 other languages. And you can ask for an interpreter.

**5.** Make an appointment to see the Parent coordinator. He/She can help you meet the teachers and get an interpreter.

**6.** Find out how your child is doing in school. Visit: **[www.arisparentlink.org](http://www.arisparentlink.org)**  
The Parent Coordinator can help you learn how to use this important website.

## WHAT YOU CAN SAY

With the guidance counselor, you can say:

- What does my child need to do to graduate?
- I would like the school documents in my language, please.
- Can you please say that again and explain what you mean?
- Can I have the directory of City high schools?

**Get the information in writing so you can read it at home. You can also ask for an interpreter to be at the appointment.**

When you call 311, you can say:

- Can I have the number for the Parent Coordinator at my child's school?
- How can I get the directory of City high schools?

**311 speaks your language. 24 hours a day.**

Write your own questions here:

---

---

---

---



## HELPFUL WORDS

### Drop out

To leave school without getting your diploma.

There are many services to help young people who are thinking of **dropping out**.

### Explain

To help you understand something.

Can you please **explain** what you mean?

### Get involved

To be part of something.

When parents **get involved** in the school, children do better.

### Guidance Counselor

A professional in every school that can help students succeed in school and life. They also help parents with information about services.

Call your **Guidance Counselor** and make an appointment to see him or her. You can call 311 to get the number of your child's school.

### Interpreter

A person who can translate one language into another.

May I please have an **interpreter**, to help me understand what you are saying?

### Parent Coordinator

A person in every school who helps parents get what they need.

Every public school in New York City has a **Parent Coordinator** who works with parents.

### 311

The free telephone number you can call for information about City services.

You can speak your language when you call **311**.

# WE ARE NEW YORK

Learn English with our stories

Watch all nine episodes on TV.  
Read the study guides.  
Join a group to practice your English.



To get your free study guide  
and to join a group, go to  
[www.nyc.gov/LearnEnglish](http://www.nyc.gov/LearnEnglish)



Michael R. Bloomberg  
Mayor

Mayor's Office of  
Adult Education

Anthony Tassi  
Executive Director



The City  
University  
of  
New York